Funded by the European Union

SEHD Society for Environment and Human Development

MISEREOR IHR HILFSWERK

# যাত্রাশুরু কর্মশালা

# বনবিনাশ, বনায়ন অর্থনীতি, জলবায়ু পরিবর্তন ও ভূমিগ্রাস থেকে বননির্ভর মানুষের সুরক্ষা

## ২০ জুলাই ২০২৫

স্থান: সিরডাপ মিলনায়তন, চামেলি হাউজ,
১৭ তোপখানা রোড, ঢাকা-১০০০





*আয়োজক*

**সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)**

*উন্নয়ন সহযোগী:* **ইউরোপীয় ইউনিয়ন ও মিজেরিওর**

সুধী,

পার্বত্য চট্টগ্রাম এবং দেশের উত্তর-মধ্যাঞ্চলের টাঙ্গাইল, গাজীপুর ও ময়মনসিংহ জেলার বনাঞ্চলে বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তা ও অন্যান্য বনজীবী মানুষের মূল সমস্যা ও উদ্বেগ বন ও ভূমিকে কেন্দ্র করে। বাংলাদেশে সনাতনী ভূমির অধিকার স্বীকৃত নয়। ব্রিটিশ ঔপনিবেশিক শাসনামলের আগে এ দুই ভৌগোলিক এলাকার বনজীবী মানুষ নির্বিঘ্নে বন এলাকায় বসবাস করতে পারতেন এবং অবাধে বন থেকে তাদের প্রয়োজনীয় উপকরণ ও খাদ্যসামগ্রী সংগ্রহ করতে পারতেন। ১৮৬৫ সালের অ্যাক্ট সেভেন-এর মাধ্যমে তাদের সনাতনী ভূমি অধিকার কেড়ে নেয়া শুরু হয়। পরবর্তীতে উন্নয়ন প্রকল্প, বনায়ন অর্থনীতি, বনে বাঙালি অনুপ্রবেশ ও আরো নানা কারণে বনাঞ্চলের আদি বাসিন্দারা ভূমি ও বন সম্পদে ব্যাপকহারে সনাতনী অধিকার হারান এবং তাদের জীবন-জীবিকা অরক্ষিত হয়ে পড়ে।

বনজীবী মানুষের সুরক্ষায় সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) কাজ করছে তিন দশকের অধিককাল ধরে। গুরুত্বপূর্ণ জ্ঞান-উপকরণ এবং অভিজ্ঞতা পুঁজি করে সেড দেশের উত্তর-মধ্যাঞ্চল এবং পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী আদিবাসী ও বনজীবী মানুষের প্রথাগত অধিকার এবং প্রাকৃতিক বন রক্ষায় সমর্থন বৃদ্ধি ও পথ-নকশা প্রণয়নে এ বছর ১ ফেব্রুয়ারি থেকে যে উদ্যোগ নিয়েছে তাতে আর্থিক সহযোগিতা দিচ্ছে ইউরোপীয় ইউনিয়ন এবং মিজেরিওর। এ উদ্যোগে যেসব গবেষণা, অনুসন্ধান ও অন্যান্য কার্যক্রম পরিচালিত হবে সেসব সবার সামনে তুলে ধরতে এ যাত্রাশুরু কর্মশালা। সবার মতামত ও পরামর্শ আদান-প্রদানের পাশাপাশি সেড এবং সহযোগী প্রতিষ্ঠানসমূহের জ্ঞান-উপকরণ, আলোকচিত্র ও তথ্যচিত্রের প্রদর্শনী চলবে দিনব্যাপী কর্মশালা চলাকালে।

বিশিষ্ট অর্থনীতিবিদ এবং অন্তর্বর্তীকালীন সরকারের পরিকল্পনা উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ কর্মশালায় প্রধান অতিথি হয়ে আসবেন। বিশিষ্ট অর্থনীতিবিদ ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হয়ে যোগ দিবেন ইউরোপীয় ইউনিয়নের হেড অব কো-অপারেশন মি. মিহাল ক্রেজা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)-এর সদস্য অধ্যাপক তানজিমুদ্দিন খান, নিজেরা করি'র সমন্বয়কারী মিজ খুশী কবির, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান, বন অধিদপ্তরের প্রধান বন সংরক্ষক (সিসিএফ) মো: আমীর হোসাইন চৌধুরী, পাবর্ত্য চট্টগ্রাম নাগরিক কমিটির সভাপতি মি. গৌতম দেওয়ান, সাবেক প্রধান বন সংরক্ষক (সিসিএফ) মো: ইউনুস আলী এবং দি হাঙ্গার প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর ও বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক মি. প্রশান্ত ত্রিপুরা। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করবেন সেড-এর পরিচালক মি. ফিলিপ গাইন। কর্মশালার মূল অধিবেশনে দুই ভৌগোলিক এলাকার চারজন কমিউনিটি প্রতিনিধিও কথা বলবেন।

যাত্রাশুরু কর্মশালায় আপনাকে আন্তরিকভাবে আমন্ত্রণ জানাচ্ছি।

ফিলিপ গাইন
পরিচালক, সেড

## অনুষ্ঠান সূচি

৯:১৫ নিবন্ধন এবং চা

১০:০০ *শুভেচ্ছা বক্তব্য*
অধ্যাপক তানজিমুদ্দিন খান, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন

১০:১০ *মূল বক্তব্য উপস্থাপন*
মি. ফিলিপ গাইন, পরিচালক, সেড

১০:৩০ *কমিউনিটি কণ্ঠ*
মিজ জয়া ত্রিপুরা, সভাপতি, সিএইচটি হেডম্যান কার্বারী নেটওয়ার্ক
মি. জুয়াম লিয়ান আমলাই, চেয়ারপারসন, বান্দরবান চ্যাপ্টার, পার্বত্য চট্টগ্রাম বন ও ভূমি রক্ষা আন্দোলন
মি. লেলুং খুমি, মানবাধিকারকর্মী, পার্বত্য চট্টগ্রাম
মি. ইউজিন নকরেক, সভাপতি, জয়েনশাহী আদিবাসী উন্নয়ন পরিষদ
মিজ আল্পনা সরকার, সাধারণ সম্পাদক, বাংলাদেশ কোচ আদিবাসী মহিলা সংগঠন

১১:০০ *বিশেষ অতিথি*
মি. মিহাল ক্রেজা, হেড অব কো-অপারেশন, ইউরোপীয় ইউনিয়ন
মিজ খুশী কবির, সমন্বয়কারী, নিজেরা করি এবং বাংলাদেশ সমন্বয়কারী, ওয়ান বিলিয়ন রাইজিং
মো. আমীর হোসাইন চৌধুরী, প্রধান বন সংরক্ষক (সিসিএফ), বন অধিদপ্তর
অধ্যাপক নিয়াজ আহমেদ খান, উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
মি. গৌতম দেওয়ান, সভাপতি, পাবর্ত্য চট্টগ্রাম নাগরিক কমিটি
মোঃ ইউনুস আলী, সাবেক প্রধান বন সংরক্ষক (সিসিএফ), বন অধিদপ্তর
মি. প্রশান্ত ত্রিপুরা, কান্ট্রি ডিরেক্টর, দি হাঙ্গার প্রজেক্ট ও বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক

১২:৩০ *প্রধান অতিথি:* অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ, বিশিষ্ট অর্থনীতিবিদ এবং অন্তর্বর্তীকালীন সরকারের পরিকল্পনা উপদেষ্টা

১২:৫০ *সভাপতি:* ড. হোসেন জিল্লুর রহমান, নির্বাহী চেয়ারম্যান, পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)


০১:০০ মধ্যাহ্নভোজ


### তথ্যমেলা ও আলোচনা


২:৩০ স্লাইড শো ও তথ্যচিত্র প্রদর্শনী

৩:৩০ মুক্ত আলোচনা

৪:৩০ সমাপনী ও চা





















*যোগাযোগ*

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)
গ্রীন ভ্যালী, ১৪৭/১ গ্রীন রোড, ফ্ল্যাট নং. ২এ, (৩য় তলা), ঢাকা-১২০৫
মো: ০১৭১৫০০৯১২৩, ০১৬৮১১৬২২২৫
E: philip.gain@gmail.com | www.sehd.org, www.brattyajan.org